

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
টেমো, মহাখালী, ঢাকা-১২১২
www.temo.gov.bd

(ক) ভূমিকাঃ

ট্রান্সপোর্ট এন্ড ইকুইপমেন্ট মেইনটেনেন্স অর্গানাইজেশন (টেমো) TRANSPORT AND EQUIPMENT MAINTENANCE ORGANISATION (TEMO) (TEMO) ইউনিসেফের আর্থিক সহযোগিতায় ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণে টেমোর কার্যক্রম শুরু হয়। ১৯৮০ সালে টেমোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণে হয়। ১৯৮৩ সালে এনাম কমিটি কর্তৃক কিছু কারিগরি জনবল অবলুপ্ত করতঃ টেমোর সাংগঠনিক কাঠামো ছোট করা হয়। বর্তমানে টেমো স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধিনস্থ যানবাহন মেরামতকারী একমাত্র কারিগরি প্রতিষ্ঠান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক টেমো কর্তৃক যানবাহন মেরামত কাজ সম্পাদিত হচ্ছে। যানবাহন মেরামত সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অত্র দপ্তরে ৭টি শাখা রয়েছে। ০৪টি শাখা কর্তৃক যানবাহনের হালকা ও ভারী মেরামত কাজ করা হয়। ০১টি শাখায় যানবাহনের ডেন্ট-পেইন্ট কাজ, ০১টি শাখায় যানবাহনের ইলেকট্রিক এবং ০১টি শাখায় যানবাহনের Preventive Maintenance (পি.এম) করা হয়। প্রতিটি শাখায় সিনিয়র মেকানিক, জুনিয়র মেকানিক ও মটর ক্লিনার কর্মরত রয়েছে।

(খ) ভিশন ও মিশন:

ভিশন: নিরবচ্ছিন্ন স্বাস্থ্য সেবায় সচল যানবাহন।

মিশন: স্বাস্থ্য প্রতিষ্ঠানের যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরবচ্ছিন্ন স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।

(গ) সাংগঠনিক কাঠামো: কপি সংযুক্ত।

(ঘ) বিদ্যমান জনবল:

ক্রমিক নং	পদের নাম	গ্রেড (১-২০ পর্যন্ত)	অনুমোদিত পদের সংখ্যা	পুরণকৃত পদের সংখ্যা	শন্য পদের সংখ্যা	মন্তব্য
১	ওয়ার্কসপ ম্যানেজার	৯ম	১	১	-	১৯৮২ সালে এনাম কমিটি কর্তৃক বাংলাদেশ গেজেট, পার্ট-৬, তারিখ বুধবার, জুলাই-২২, ১৯৮৩-তে ইংরেজী ভাষায় প্রকাশিত "Transport and Equipment Maintenance Organization (Officers & Employees) Recruitment Rule, 1982" এর কার্যক্রম স্থগিত করায় জনবল নিয়োগ স্থগিত রাখা হয়। ইংরেজী ভাষায় প্রণীত অত্র সংস্থার বিদ্যমান নিয়োগ বিধি সংশোধন ও বাংলা ভাষায় রূপান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন। বিধায় শূণ্য পদ পূরণ করা যাচ্ছে না।
২	উপ-সহকারী প্রকৌশলী	১০ম	১	-	১	
৩	প্রশাসনিক কর্মকর্তা	১০ম	২	২	-	
৪	হিসাব রক্ষক	১৩ তম	১	-	১	
৫	অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর	১৬তম	২	-	২	
৬	ষ্টোর কিপার	১৬তম	২	১	১	
৭	সিনিয়র মেকানিক	১৪তম	৫	১	৪	
৮	সিনিয়র ইলেকট্রিসিয়ান	১৪তম	২	-	২	
৯	সি. পেইন্টার	১৪তম	২	২	-	
১০	সি. বডি রিপায়ারার	১৪তম	২	২	-	
১১	জুনিয়র মেকানিক	১৬তম	১৩	১০	৩	
১২	জুনিয়র ইলেকট্রিসিয়ান	১৬তম	৩	১	২	
১৩	ওয়েল্ডার	১৬তম	২	১	১	
১৪	ড্রাইভার কাম-মেকানিক	১৬তম	২	১	১	
১৫	জুনিয়র পেইন্টার	১৬তম	১	১	-	
১৬	জুনিয়র বডি রিপায়ারার	১৬তম	১	-	১	
১৭	ড্রাইভার	১৫তম	৬	৬	-	
১৮	হেড গার্ড	১৯তম	১	-	১	
১৯	মটর হেল্পার/ক্লিনার	২০তম	১২	৫	৭	
২০	নিরাপত্তা প্রহরী	২০তম	৯	৫	৪	
২১	অফিস সহায়ক	২০তম	৩	২	১	
২২	পরিচ্ছন্ন কর্মী	২০তম	২	১	১	
	মোট		৭৫	৪২	৩৩	





(ঙ) কর্মসংস্থান-নিয়োগ সংক্রান্ত তথ্যাদিঃ ২০২০-২০২১ অর্থ বছরে জনবল নিয়োগ প্রদান করা হয় নাই।

(চ) গুরুত্বপূর্ণ কার্যাবলিঃ

১। একটি সফটওয়্যারের মাধ্যমে স্বচ্ছতার সাথে যানবাহন মেরামতের রেকর্ড, ক্রয় ও হিসাব সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা হচ্ছে। যানবাহন মেরামতের জন্য যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে তৈরিকৃত সফটওয়্যারের মাধ্যমে দরপত্রের তুলনামূলক তালিকা, কার্যাদেশ প্রদান, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ইস্যু ভাউচার, ষ্টক রেজিস্টার, গাড়ি মেরামতের রেকর্ড সংরক্ষণ ও ক্যাশ রেজিস্টার এবং সফটওয়্যারের মাধ্যমে বিল তৈরি করা হচ্ছে।

২। যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বাংলা ভাষায় একটি ম্যানুয়াল তৈরী করা হয়েছে।

৩। ওয়ার্কসপের পশ্চিম ও দক্ষিণ পাশে এক একর সরকারী জায়গা দখলদারদের নিকট হতে উদ্ধার করে বৃক্ষ রোপন করা হয়েছে।

৪। বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউট হতে আগত অটোমোবাইল/পাওয়ার বিভাগের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যয়নরত বিগত ০৪ (চার) বছরে ৮০ জন ছাত্র/ছাত্রীকে বাস্তব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫। কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করণে বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি চালু করা হয়েছে।

৬। টেমো'র কার্যক্রম সার্বক্ষণিক তদারকি ও পর্যবেক্ষণের জন্য সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে।

(ছ) ২০২০-২০২১ অর্থ বছরের (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/সাফল্যঃ

১) ইঞ্জিন ওভার হলিং-১০০%;

২) ব্রেক মেরামত-১০০%;

৩) প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ-১০০%;

৪) সাসপেনশন মেরামত-১০০%;

৫) ডেন্ট ও পেইন্ট-১০০%;

৬) ইলেকট্রিক কাজ- ১০০% ;

৭) টায়ার টিউব পরিবর্তন-১০০% ;

৮) শেখ মুজিবর রহমানের জন্মশত-বার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের ১০টি অচল এ্যাশুলেন্স মেরামতের মাধ্যমে সচল করা হয়েছে;

৯) কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য জনবলের প্রশিক্ষণ প্রদান-২১ জন;

(জ) ২০২০-২০২১ অর্থ বছরের (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত) সমাপ্ত প্রকল্পের তালিকা: প্রযোজ্য নয়

(ঝ) চলমান প্রকল্পের তালিকা: প্রযোজ্য নয়।

(ঞ) ই-ফাইলিং বাস্তবায়নের হার: ৬০%।

(ট) ইনোভেশন প্রকল্পের তালিকা:

১) সিটিজেন চার্টার হালনাগাদ করণ;

২) কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করণে বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি চালু করা হয়েছে;

৩) টেমো'র কার্যক্রম সার্বক্ষণিক তদারকি ও পর্যবেক্ষণের জন্য সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে;

৪) যানবাহন মেরামতের রেকর্ড, ক্রয় ও হিসাব সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদির বিল সফটওয়্যারের মাধ্যমে স্বচ্ছতার সাথে করা হচ্ছে।

(ঠ) আপামি দিনের পরিকল্পনা:

১) যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সার্বক্ষণিক যানবাহন সচল রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ;

২) মেরামত সংশ্লিষ্ট জনবলকে আধুনিক প্রযুক্তি জ্ঞান সম্পন্ন জনবলে রূপান্তরের নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;

৩) টেমো'র প্রয়োজনীয় সংখ্যক জনবল বৃদ্ধি করণ;

৪) টেমোকে উন্নতমানের আধুনিক ওয়ার্কসপ বিনির্মাণ করা;

৫) যানবাহন মেরামতের জন্য কম্পিউটারাইজড যন্ত্রপাতি সংগ্রহ করা;

৬) টেমো'কে আপগ্রেড করে ৮টি বিভাগীয় কার্যালয়ে ৮টি ওয়ার্কসপ স্থাপন ও জনবল বৃদ্ধি করা;

৭) টেমোকে ভিশন ২০২১ বাস্তবায়নের উপযোগী করা;

৮) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে গৃহিত বিশেষ কার্যক্রম বাস্তবায়ন করা;

৯) প্রশিক্ষণের মাধ্যমে জনবলের কারিগরি দক্ষতা উন্নয়ন।

(মো: সাইফউদ্দিন আকন্দ)

ওয়ার্কসপ ম্যানেজার